বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

**বিজ্ঞপ্তি নম্বর:৭৭/২০১৯**

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪২৬ / ২৮ মে ২০১৯

**প্রবাসী কল্যাণ ব্যাংকে বিভিন্ন পদে নিয়োগ বিজ্ঞপ্তি।**

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত প্রবাসী কল্যাণ ব্যাংক এর নিম্ন বর্ণিত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য বর্ণিত শর্তাদির আলোকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | এসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট (এসপিও-সমমান) | ৩০ | ৳ ৪৩০০০/--<br>৳ ৬৯৮৫০/- | চাটার্ড এ্যাকাউন্ট্যান্ট অথবা আই,সি,এম,এ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।<br>বয়স : ০১/০৫/২০১৯ তারিখে সর্বোচ্চ ৪৫ বৎসর। |
| ০২ | প্রিন্সিপাল এক্সিকিউটিভ অফিসার (পিও-সমমান) | ৫৯ | ৳ ৩৫৫০০/--<br>৳ ৬৭০১০/- | চাটার্ড এ্যাকাউন্ট্যান্ট অথবা আই,সি,এম,এ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২(দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।<br>বয়স : ০১/০৫/২০১৯ তারিখে সর্বোচ্চ ৪০ বৎসর। |
| ০৩ | প্রোগ্রামার (পিও-সমমান) | ০১ | ৳ ৩৫৫০০/--<br>৳ ৬৭০১০/- | (ক) অন্যূন ০২টি প্রথম বিভাগ বা শ্রেণীসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রী বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং ডিগ্রী;<br>(খ) প্রোগ্রামিং, সিস্টেম এনালাইসিস এন্ড ডিজাইন, ডাটা বেইজ এডমিনিস্ট্রেশন, ওয়েব ডেভেলপার, নেট ওয়ার্কিং ও হার্ডওয়্যার এবং গ্রাফিক্স ডিজাইন এ প্রযোজ্য ক্ষেত্রে স্পেশালাইজেশন; এবং<br>(গ) স্বীকৃত কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্যপদ থাকতে হবে;তবে শর্ত থাকে যে, কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।<br>বয়স : ০১/০৫/২০১৯ তারিখে সর্বোচ্চ ৪০ বৎসর। |
| ০৪ | সহকারী প্রোগ্রামার (এসও-সমমান) | ০২ | ৳ ২২০০০/--<br>৳ ৫৩০৬০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রীসহ স্নাতকোত্তর ডিগ্রী;<br>(খ) কোনো স্বীকৃত পেশাদার কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্যপদ থাকতে হবে; তবে শর্ত থাকে যে, কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।<br>বয়স : ০১/০৫/২০১৯ তারিখে (ক) মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত সকল প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বৎসর এবং (খ) মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বৎসর। |
| ০৫ | এক্সিকিউটিভ অফিসার-সাধারণ (অফিসার-সমমান) | ৩৩ | ৳ ১৬০০০/--<br>৳ ৩৮৬৪০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রী থাকতে হবে: শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।<br>বয়স : ০১/০৫/২০১৯ তারিখে (ক) মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত সকল প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বৎসর এবং (খ) মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বৎসর। |
| ০৬ | এক্সিকিউটিভ অফিসার -ক্যাশ (অফিসার-সমমান) | ২৯ | ৳ ১৬০০০/--<br>৳ ৩৮৬৪০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রী থাকিতে হইবে:<br>তবে শর্ত থাকে যে, কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবেনা।<br>বয়স : ০১/০৫/২০১৯ তারিখে (ক) মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত সকল প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বৎসর এবং (খ) মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বৎসর। |

০২. গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের যথাক্রমে প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ এবং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারণ করা হবে:

(১)এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |
| জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম | তৃতীয় বিভাগ |

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ/শ্রেণি |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় বিভাগ/শ্রেণি |
| ১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | ২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় বিভাগ/শ্রেণি |

০৩. (ক) ১ ও ২ নম্বর ক্রমিকে উল্লিখিত পদসমূহে আগ্রহী প্রার্থীদেরকে আগামী ২৭/০৬/২০১৯ তারিখের মধ্যে স্বহস্তে লিখিত আবেদন, ০১ কপি জীবন-বৃত্তান্ত, মাধ্যমিক হতে উত্তীর্ণ সকল পরীক্ষার এবং সংশ্লিষ্ট অভিজ্ঞতার সনদের সত্যায়িত ফটোকপি, ৩ কপি পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি মহাব্যবস্থাপক ও সদস্য সচিব, ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয় বরাবর সরাসরি/ডাকযোগে দাখিল করতে হবে।

(খ) ৩ হতে ৬ নম্বর ক্রমিকে উল্লিখিত পদসমূহে আগ্রহী প্রার্থীদেরকে আগামী ২০/০৬/২০১৯ তারিখের মধ্যে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (www.erecruitment.bb.org.bd)-এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে।

০৪. ‘O’ Level ও ‘A’ Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রীপ্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের (শ্রেণি/ বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য প্রদান করতে হবে।

০৫. Online Application Form এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।

০৬. আবেদন ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে। Online এ আবেদন করার পর প্রাপ্ত Tracking Number Form টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

০৭. ৩ হতে ৬ নম্বর ক্রমিকে উল্লিখিত পদসমূহের জন্য প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অনলাইন আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে মৌখিক পরীক্ষার চেকিং বোর্ডে প্রয়োজনীয় কাগজ পত্রাদি দাখিল করতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে।

০৮. চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ০৭নম্বর ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক দলিলাদি দাখিলের সময় তা তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

০৯. অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে ।

১০. ০১ নম্বর ক্রমিকে উল্লিখিত পদের জন্য শুধুমাত্র মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে এবং অবশিষ্ট পদসমূহের প্রার্থীদের প্রয়োজনে MCQ Test এবং লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

১১. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী সর্বশেষ নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

১২. বিবাহিত মহিলা প্রার্থীদের স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে করা।

১৩. প্রবাসী কল্যাণ ব্যাংক প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

**স্বাক্ষরিত/-**
(নূরুন নাহার)
মহাব্যবস্থাপক
ও
সদস্য-সচিব, বিএসসি